



বিজ্ঞপ্তি নং-০৭/২০২২

জে,

তারিখ : ২১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
০৬ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: দ্রুত মামলা নিষ্পত্তির লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত বিশেষ জেলা জজ আদালত (Court of Special District Judge) এবং বিশেষ দায়রা আদালত (Special Court of Session)-গুলোতে পর্যাপ্ত সংখ্যক মামলা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, 'বিশেষ আদালত (অতিরিক্ত দায়িত্ব) আইন, ২০০৩' এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, পরিবেশ আপীল আদালত এবং স্পেশাল জজ আদালতসমূহকে দেওয়ানী মামলা বিচারের নিমিত্ত বিশেষ জেলা জজ আদালত (Court of Special District Judge) হিসাবে এবং ফৌজদারী মামলা বিচারের নিমিত্ত বিশেষ দায়রা আদালত (Special Court of Session) হিসাবে ঘোষণা করে প্রজ্ঞাপন জারী করেছিল। পরর্তীতে 'বিশেষ আদালত (অতিরিক্ত দায়িত্ব) আইন, ২০০৩' (২০০৩ সালের ৩৫নং আইন) এর ধারা ৪(খ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঢাকায় অবস্থিত দ্রুত বিচার ট্রাইব্যুনাল নং ১, ২, ৩ ও ৪ কে The Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর উদ্দেশ্য পূরণকল্পে বিশেষ দায়রা আদালত (Court of Session) হিসাবে ঘোষণা করে এবং উক্ত আদালতসমূহ বিশেষ দায়রা আদালত (Special Court of Session) হিসাবে অভিহিত হবে মর্মে প্রজ্ঞাপন জারী করেছিল।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন জেলার জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজগণ 'বিশেষ আদালত (অতিরিক্ত দায়িত্ব) আইন, ২০০৩' এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ঘোষিত বিশেষ জেলা জজ আদালত (Court of Special District Judge) এবং বিশেষ দায়রা আদালত (Special Court of Session)-এ পর্যাপ্ত সংখ্যক মামলা প্রেরণ করছেন না। ফলে বর্ণিত আইনের ক্ষমতাবলে ঘোষিত বিশেষ জেলা জজ আদালত (Court of Special District Judge) এবং বিশেষ দায়রা আদালত (Special Court of Session)-গুলোর মধ্যে অনেক আদালতে বিচারের জন্য পর্যাপ্ত সংখ্যক মামলা না থাকায় উক্ত আদালতসমূহের বিচারকগণ পর্যাপ্ত সংখ্যক মামলা নিষ্পত্তি করতে পারছেন না। এতে দ্রুত মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্রণীত উল্লিখিত আইনটির উদ্দেশ্য ব্যাহত হচ্ছে।

০৩। এমতাবস্থায়, দ্রুত মামলা নিষ্পত্তি ও মামলা জট নিরসনের লক্ষ্যে 'বিশেষ আদালত (অতিরিক্ত দায়িত্ব) আইন, ২০০৩' (২০০৩ সনের ৩৫নং আইন)-এর বিধানাবলী আবশ্যিকভাবে পালন করতঃ সরকার কর্তৃক ঘোষিত বিশেষ জেলা জজ আদালত (Court of Special District Judge) এবং বিশেষ দায়রা আদালত (Special Court of Session)-গুলোতে পর্যাপ্ত সংখ্যক মামলা জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য দেশের সকল জেলার জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজগণ-কে নির্দেশ প্রদান করা হলো।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ বজলুর রহমান)

রেজিস্ট্রার জেনারেল

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোন : +৮৮-০২-২২৩৩৮১৯৫২

E-mail: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ১৬১৬

জে,

তারিখ : ২১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
০৬ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা জজ/মহানগর দায়রা জজ, ..... (সকল)।
৩. বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ.....(সকল)।
৪. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল.....(সকল)।
৫. বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, .....(সকল)।
৬. বিচারক, পরিবেশ আপীল আদালত, .....(সকল)।
৭. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল নং ১, ২, ৩ ও ৪, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
৯. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১০. অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)

ফোনঃ ০২২২৩৩৮১৯৩২।